



ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

। প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত

পবিত্র জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায় নি

আগামী ১১ ফেব্রুয়ারি থেকে পবিত্র জমাদিউল আউয়াল মাস গণনা শুরু

ঢাকা, মঙ্গলবার, ০৯ ফেব্রুয়ারি ২০১৬।

বাংলাদেশের আকাশে আজ ১৪৩৭ হিজরি সনের পবিত্র জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায় নি। ফলে আগামীকাল ১০ ফেব্রুয়ারি ২০১৬ খ্রি. পবিত্র রবিউস সানি মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১১ ফেব্রুয়ারি ২০১৬ খ্রি. বৃহস্পতিবার থেকে পবিত্র জমাদিউল আউয়াল মাস গণনা শুরু হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রনালয়ের ভারপ্রাপ্ত সচিব ও জাতীয় চাঁদ দেখা কমিটির সহ-সভাপতি মোঃ আব্দুল জলিল।

সভায় প্রধান তথ্য অফিসার তছির আহাম্মদ, মন্ত্রি পরিষদ বিভাগের উপ-সচিব হাসিবুর রহমান, ধর্ম বিষয়ক মন্ত্রনালয়ের যুগ্ম-সচিব আমজাদ আলী, ওয়ার্কফ প্রশাসক ফয়েজ আহমেদ ভূঁইয়া, ঢাকা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ মজিবুর রহমান, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক (বার্তা) নাসির আহমেদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আবদুর রহমান, স্পারসোর সিএসও মোঃ শাহ আলম, ইসলামিক ফাউন্ডেশনের সচিব মোঃ অহিদুল ইসলাম, সরকারি মাদ্রাসা-ই-আলিয়ার অক্ষ প্রফেসর সিরাজ উদ্দিন আহমেদ, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুহাম্মদ মিজানুর রহমান ও চকবাজার শাহী জামে মসজিদের খতীব মাওলানা শেখ নাসিম রেজওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৩৭ হিজরি সনের পবিত্র জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, অদ্য ২৯ রবিউস সানি ১৪৩৭ হিজরি, ২৭ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ০৯ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ মঙ্গলবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র জমাদিউল আউয়াল মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া যায়নি। এমতাবস্থায়, আগামীকাল ২৮ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ১০ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ বুধবার পবিত্র রবিউস সানি মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১১ মাঘ ১৪২২ বঙ্গাব্দ, ১১ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার থেকে পবিত্র জমাদিউল আউয়াল মাস গণনা করা হবে।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬